মাননীয়,

ছাগলনাইয়া সিনিয়র সহকারী জজ আদালত, ফেনী

জেলা- ফেনী।

দেওয়ানী মামলা নং- /২০১৭ ইং

মোহাম্মদ হানিফ পক্ষে স্ত্রী দিলরুবা আক্তার গং---------------- বাদী

বনাম

মোহাম্মদ ছাদেক গং------------------------------------ বিবাদী

## বাদী পক্ষে দেঃ কাঃ বিঃ ৬ অর্ডারের ১৭ রুলেরবিধান মতে আর্জি সংশোধনের প্রার্থনা।

নিবেদন এই,

উপরোক্ত মোকদ্দমার আর্জি গঠনের সময় বাদীপক্ষ সঠিক তথ্যাদি পরিবেশন করিতে না পারায় আর্জি সঠিক ভাবে গঠন করা হয় নাই। ইতি পূর্বে বাদীপক্ষ কতেক দলিলও খুঁজে পাইয়াছে। তদহেতু নিম্ম মত আর্জি সংশোধন করা একান্ত আবশ্যক। অন্যথায় বাদীপক্ষের অপূরণীয় ক্ষতি হইবে এবং সু-বিচারে বিঘ্ন ঘটিবে।

অতএব, বাদীপক্ষ বিনীতভাবে প্রার্থনা করেন যে, নিম্মমত আর্জি সংশোধন করতঃ তাহা মূল আর্জির একাংশ গন্যের মর্মে আদেশ দানে বাধিত করার মর্জি হয়।

## তপছিল আর্জি সংশোধনের বিষয়

১। আর্জির হেড লাইনে থাকা " ভূমিতে স্বত্ব ঘোষনা শব্দের পর নিম্মরুপ হইবে। " পূর্বক পৃথক ছাহামে বন্টনের প্রাথমিক ডিক্রি পাওয়ার "

২। আর্জিতে থাকা ৮নং বিবাদী ছরওয়ার মাহমুদ শামীম কর্ত্তন হইয়া তদস্থলে ৮নং বিবাদী নুর জাহান পিং মৃত মোঃ ফয়েজ লিপি হইবে এবং ৮নং বিবাদীর স্থলে ৯নং বিবাদী ছরওয়ার মাহমুদ শামিম পিতা মৃত মোহাম্মদ ইউছুপ খাঁন হইবে তৎপর ১০ নং বিবাদী হইবে " মিলন পিং- ঐ এইভাবে ১১- ১২নং ক্রমিকে এই বিবাদীগনের নাম বসিবে।

১১। জিন্নাত রেহানা

১২। রোকশানা শারিম পিং- মৃত ইউছুপ খাঁন, সাং- লাঙ্গল মোড়া

৩। আর্জির ১ম দফার ২৬ লাইনের "বিক্রয়" শব্দের পর নিম্মরুপ অংশ বসিবে। "করিয়া দখল দিলে তিনি তাহাতে মালিক দখলকার হন। আবিদ আলী উক্ত সি,এস ১৪নং খতিয়ানের ৭১০ দাগ ১৲ ৮৮ ডিং আন্দরে ২৯ ডিং ভূমি বিগত ৩/২/১৯২৫ ইং তারিখের রেজিঃ ৩৩১নং ছাপকবলা মূলে আবদুল অদুদের নিকট বিক্রয় করিয়াছে।

৪। আর্জির ২য় দফার ১ম লাইনে ২০ নং হইবে ২য় লাইনে হয় শব্দের পর নিম্মরুপ অংশ যোগ হইবে " এবং ২২/২৩নং বিবাদী দুই কন্যা হয়। ঐ দফার ২য় লাইনে থাকায় শব্দের পর নিম্মরুপ হইবে "এবং ২২/২৩ নং বিবাদীগন স্বামীর বাড়ীতে থাকায়"

৫। ঐ ২য় দফার শেষ লাইনে পাওয়ার শ্বব্দ হায়ের পর নিম্মরুপ অংশ যোগ হইবে। "ক তপছিল বর্নিত ভূমি বাবতে পৃথক ছাহামে বন্টন পাওয়ার"।

৬। আর্জির ৩য় দফা নিম্ম রুপ হইবে বাদীগনের মালিকী দখলীয় ভূমি মূল বিবাদীগনের নামে ঐ লাঙ্গল মৌড়া মৌজার বি,এস জরিপে তাহাদের মালিকানার অধিক হিস্যার ভূমি রেকর্ড হওয়ায় বিশেষতঃ ১নং বিবাদী বাদীগনের মালিকী দখলীয় ভূমি তাহাদের নামে কম রেকর্ড হওয়ায় নালিশী ভূমি হইতে তথা বাদীগনের বশত বাড়ী হইতে বে-আইনীভাবে বিল্ডিং নির্মাণ করিয়া তথা হইতে বে-দখল করিবে বলিয়া বিগত ২/১১/১৭ইং তারিখে ধমক দেওয়ায় তৎপর বাদীপক্ষ বিগত ১৩/১১/২০১৭ইং তারিখে নালিশী বি,এস ১১৫৭ নং খতিয়ানের সহিমোহরের নকল পাওয়া হইতেই এবং বিবাদীপক্ষ বিগত ১৬/২/২০১৮ ইং তারিখে নালিশী ২নং তপছিলের ভূমিতে ছাদঢালাই যুক্ত বিল্ডিং নির্মাণ করায় তাহা ভগ্নক্রমে খাষ দখলের নিমিত্ত¡।

৭। আর্জির ৪র্থ দফার ১ম লাইনে থাকা তফছিল শব্দের পর "ক" তফছিল বসিবে এবং ২য় লাইনে ৪৫ ডিং ভূমি বসিবে। ঐ দফার ৩ লাইনের ঘোষণার শব্দের পর নিম্মরুপ অংশ বসিবে " পূর্বক গৃহ ভগ্নক্রমে খাষ দখল পূর্বক পৃথক ছাহামে বন্টন পাওয়ার জন্য" ঐ দফার ৪ লাইনের "টাকার" শব্দের পর নিম্মরুপ অংশ লিপি হইবে। " এবং গৃহ ভগ্নের জন্য মং ৩০০ টাকার একুনে ৬০০ টাকার"

৮। আর্জির ৫ দফার ক তফছিল শব্দের পর খ তফছিল বর্নিত মোঃ ৪৫ ডিং ভূমি এবং তদান্দরে ৩.৫০ ডিং ভূমি বাবতে গৃহ ভগ্ন ক্রমে খাষ দখল সহ সম্যক ৪৫ ডিং এবং ক তফছিলের ঘোষনা পূর্বক বন্টনের প্রাথমিক শব্দ হায় বসিবে। খ তফছিল নিম্ম রুপ হইবে " প্রাথমিক ডিক্রীর মর্ম্মমতে একজন এডভোকেট কমিশনার কে নিয়োগ ক্রমে বন্টনের ফাইনাল ডিক্রীর নিমিত্তে¡ ম্যাপ চিঠা ইত্যাদি প্রস্তুত করার।

৯। ক তফছিলের শেষে নিম্মরুপ অংশ যোগ হইবে। "মোট ৩৬৪ ডিং তদান্দরে ৪৫ ডিং উক্ত ৪৫ ডিং ভূমি আন্দরে ৩.৫০ ডিং ভূমি।

যাহার চৌহদ্দী এইঃ- উত্তরেঃ বাদীগন দক্ষিনেÑ বশত বাড়ীর অংশ, পূর্বে- পুকুর, পশ্চিমেঃ উঠান এই মধ্যে ঐ ৩.৫০ ডিং সহ সম্যক ৪৫ ডিং ভূমি বন্টন প্রার্থীত হয়।

১০। খ তফছিল উক্ত ৪৫ ডিং আঃ হাল বি,এস ১১৫৭ নং খতিয়ানের ১৬৪৪ দাগ ৮৮ ডিং আঃ ৩.৫০ ডিং ভূমি সহ ৪৫ ডিং ভূমি খাষ দখল প্রাপ্ত ও বন্টন প্রার্থীত হয়।

সত্যপাঠ

অত্র আর্জি সংশোধনের লিখিত যাবতীয় বিবরণ
আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য অত্র সত্যতায়

শুদ্ধ স্বীকারে নিম্নে আমার নিজ নাম স্বাক্ষর প্রদান করিলাম। ইতিতাং